

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৬, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১২ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ/ ২৬ মে ২০২২ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.২২.১৩৮—অর্থনীতি বিষয়ক জাপানভিত্তিক স্বনামধন্য সংবাদ মাধ্যম নিক্কেই এশিয়া কর্তৃপক্ষ গত ০৫ মে ২০২২ তারিখে করোনা সংক্রমণ পরিস্থিতি মোকাবিলা করার ক্ষেত্রে বিশ্বের যে সকল দেশ সবচেয়ে ভালো অবস্থানে রয়েছে তার তালিকা প্রকাশ করে। উক্ত সূচকে বিশ্বের ১২১টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান পঞ্চম এবং দক্ষিণ এশিয়ায় শীর্ষে। কোভিড-১৯ মহামারীর বিস্তার রোধকল্পে বিভিন্ন দেশ ও অঞ্চলের ব্যবস্থাপনা, টিকাদান এবং করোনা মোকাবিলায় সামাজিক তৎপরতার ওপর ভিত্তি করে এই সূচক প্রকাশ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রাজ্ঞ ও সুদক্ষ নেতৃত্বের ফলেই ‘নিক্কেই কোভিড-১৯ রিকোভারি সূচক’-এ বাংলাদেশের অবস্থান দক্ষিণ এশিয়ার দেশসমূহের মধ্যে শীর্ষে রয়েছে।

০২। ‘নিক্কেই কোভিড-১৯ রিকোভারি সূচক’-এ অসামান্য অর্জন আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থানকে আরও সুসংহত করেছে। এই প্রেক্ষাপটে, বাংলাদেশের অবস্থান দক্ষিণ এশিয়ার মধ্যে প্রথম হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৫ জ্যৈষ্ঠ ১৪২৯/১৯ মে ২০২২ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

০৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম  
মন্ত্রিপরিষদ সচিব

( ৮৯০১ )

মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা :  $\frac{০৫ জ্যৈষ্ঠ ১৪২৯}{১৯ মে ২০২২}$

অর্থনীতি বিষয়ক জাপানভিত্তিক স্নামাখন্য সংবাদ মাধ্যম নিক্কেই এশিয়া কর্তৃপক্ষ গত ০৫ মে ২০২২ তারিখে করোনা সংক্রমণ পরিস্থিতি মোকাবিলা করার ক্ষেত্রে বিশ্বের যে সকল দেশ সবচেয়ে ভালো অবস্থানে রয়েছে তার তালিকা প্রকাশ করে। উক্ত সূচকে বিশ্বের ১২১টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান পঞ্চম এবং দক্ষিণ এশিয়ায় শীর্ষে। কোভিড-১৯ মহামারীর বিস্তার রোধকল্পে বিভিন্ন দেশ ও অঞ্চলের ব্যবস্থাপনা, টিকাদান এবং করোনা মোকাবিলায় সামাজিক তৎপরতার ওপর ভিত্তি করে এই সূচক প্রকাশ করা হয়েছে। উক্ত সূচকে উপরের দিকে অবস্থানকারী দেশসমূহে তুলনামূলকভাবে কম সংক্রমণ ও মৃত্যু হার, উন্নত টিকাদান ব্যবস্থা এবং চলাচলে কম বিধিনিষেধের বিষয়সমূহ বর্ণিত হয়েছে। উল্লিখিত বিষয়সমূহ বিবেচনায় ৮০ পয়েন্ট পেয়ে সূচকে দক্ষিণ এশিয়ার দেশসমূহের মধ্যে সর্বোচ্চ অবস্থানে রয়েছে বাংলাদেশ। ‘নিক্কেই কোভিড-১৯ রিকোভারি সূচক’-এ বিশ্বের ১২১টি দেশের মধ্যে শীর্ষস্থানে রয়েছে কাতার। পর্যায়ক্রমে রয়েছে সংযুক্ত আরব আমিরাত, কম্বোডিয়া ও রুয়ান্ডা।

বাংলাদেশে করোনার সংক্রমণ প্রথম শনাক্ত হয় ২০২০ সালের ০৮ মার্চ তারিখে। কোভিড-১৯ মহামারীকালে মরণঘাতী এ ভাইরাস হতে মানুষের জীবন রক্ষা এবং স্বাস্থ্যসুরক্ষা নিশ্চিত করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রথম থেকে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেন। তিনি তাৎক্ষণিকভাবে দুই হাজার ডাক্তার, ছয় হাজার নার্স এবং পর্যাপ্ত সংখ্যক টেকনিশিয়ান নিয়োগ প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্ব এবং ভ্যাকসিন-কূটনীতির ফলে করোনার ভ্যাকসিন আবিষ্কার এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক অনুমোদিত হওয়ার পর দ্রুততার সঙ্গে বাংলাদেশের ভ্যাকসিন পাবার বিষয়টি সুনিশ্চিত হয়। তাঁর ঐকান্তিক প্রচেষ্টায় জনবহুল এ দেশের সর্বস্তরের জনগণের নিকট সুশৃঙ্খলভাবে টিকা পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে। গত ৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখ থেকে সারাদেশে একযোগে টিকাদান কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে দেশের প্রায় ৭৫ শতাংশের বেশি জনগণকে অন্তত এক ডোজ করোনার টিকা প্রদান করা হয়েছে এবং প্রায় ৭০ শতাংশ মানুষকে দ্বিতীয় ডোজ টিকা প্রদান করা হয়েছে, যা বিশ্বের অনেক উন্নত দেশের পক্ষেও সম্ভব হয়নি। জাপানভিত্তিক স্নামাখন্য সংবাদ মাধ্যম নিক্কেই এশিয়া কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত সূচকে বাংলাদেশের অবস্থান তার প্রমাণ।

মন্ত্রিসভা মনে করে কোভিড-১৯ মহামারী মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রাজ্ঞ ও সুদক্ষ নেতৃত্বের ফলেই ‘নিক্কেই কোভিড-১৯ রিকোভারি সূচক’-এ বাংলাদেশের অবস্থান দক্ষিণ এশিয়ার দেশসমূহের মধ্যে শীর্ষে রয়েছে।

মন্ত্রিসভা আশাবাদ ব্যক্ত করে যে, এ প্রাগ্রসরতা ভবিষ্যতেও অব্যাহত থাকবে। ‘নিক্কেই কোভিড-১৯ রিকোভারি সূচক’-এ অসামান্য অর্জন আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের অবস্থানকে আরও সুসংহত করেছে। এই প্রেক্ষাপটে, বাংলাদেশের অবস্থান দক্ষিণ এশিয়ার মধ্যে প্রথম হওয়ায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।